4 MAY 2017

# নিউইয়র্ক বাংলা বইমেলা ১৯ থেকে ২১ মে

আগামী ১৯ থেকে ২১ মে অনুষ্ঠিত হবে মুক্তধারা আয়োজিত ২৬তম আন্তর্জাতিক বাংলা উৎসব ও বইমেলা। এই মেলায় যাচ্ছেন বাংলা একাডেমির মহাপরিচালক শামসুজ্জামান খান ও বিশ্বভারতীর সাবেক উপাচার্য ড. পবিত্র সরকার। তারা দু'জনেই ১৯ মে মেলার উদ্বোধনী অনুষ্ঠানে অংশ নেবেন এবং মেলার অন্যান্য কার্যক্রমে উপস্থিত থাকবেন। এ ছাড়া অধ্যাপক পবিত্র সরকার মুক্তধারা বক্তৃতা ২০১৭ প্রদান করবেন।

ঢাকা ও কলকাতা থেকে অন্য যারা আসবেন, তাদের মধ্যে রয়েছেন কালি ও কলম সাহিত্য পত্রিকার সম্পাদক আবুল হাসনাত, কিশোর ভারতী পত্রিকার সম্পাদক ও কলকাতা পুস্তকমেলার সাধারণ সম্পাদক ত্রিদিব চট্টোপাধ্যায়, কানাডা থেকে কথাসাহিত্যিক ও কবি ইকবাল হাসান, কবি লুৎফর রহমান রিটন ও লেখক জসিম মল্লিক প্রমুখ। নিউইয়র্কসহ যুক্তরাষ্ট্রের বিভিন্ন শহর থেকে বিপুল সংখ্যক লেখক ও সাহিত্যিক এতে অংশ নেবেন। ঢাকা থেকে যেসব প্রকাশনা এবারের মেলায় অংশ নেবে বলে জানিয়েছে, তাদের মধ্যে রয়েছে- মাওলা ব্রাদার্স, সময় প্রকাশন, অনন্যা, স্টুডেন্ট ওয়েজ, অক্ষর প্রকাশনী, গতিধারা, শিখা প্রকাশনী, নালন্দা, ইত্যাদি গ্রন্থ সংস্থা, ধ্রুবপদ, পুঁথিনীলয়, আকাশ প্রকাশনা, বেঙ্গল প্রকাশনা, কালি ও কলম, প্রথমা প্রকাশন ও দোয়েল প্রকাশন। সংবাদ বিজ্ঞপ্তি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
উপ. পরিসংখ্যান বিভাগ
উপ. ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর